

প্রেস রিলিজ  
২৬ মার্চ ২০২৫


## বাউবিতে ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদযাপিত



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে (বাউবি) ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস-২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপন উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়। দিবসের কর্মসূচির অংশ হিসেবে আজ ২৬ মার্চ ২০২৫ তারিখ বুধবার সকালে সাভার জাতীয় স্মৃতিসৌধে উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম এর নেতৃত্বে প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. সাঈদ ফেরদৌস, ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধে সকল শহীদের প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করেন।

এর আগে সূর্যোদয়ের সাথে সাথে গাজীপুর মূল ক্যাম্পাসে জাতীয় পতাকা উত্তোলন ও বাউবি পতাকা উত্তোলনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচি শুরু হয়। আইকিউএসি এর পরিচালক অধ্যাপক ড. মোঃ সিরাজুল ইসলাম উপাচার্যের পক্ষে জাতীয় পতাকা ও বাউবি পতাকা উত্তোলন করেন। এদিনে মহান স্বাধীনতা দিবসের তাৎপর্য তুলে ধরে গাজীপুরস্থ ক্যাম্পাসে ব্যানার প্রদর্শন ও মেইন গেটসহ অফিস ভবনসমূহে আলোকসজ্জায় সজ্জিত করা হয়। এছাড়াও বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের কেন্দ্রীয় জামে মসজিদে তারাবি নামাজের পর মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়ার আয়োজন করা হয়।

দেশজুড়ে অবস্থিত বাউবির সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে একযোগে জাতীয় পতাকা ও বাউবি পতাকা উত্তোলন করা হয়। আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ কর্মকর্তা ও কর্মচারীদের নিয়ে স্থানীয় মুক্তিযুদ্ধের স্মৃতিস্তম্ভ/ স্মারক ভাঙ্কর্যে বিশ্ববিদ্যালয়ের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করে মুক্তিযুদ্ধে শহিদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রে যোহরের নামাজের পর মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোয়ার আয়োজন করা হয়।



মোঃ খালেকুজ্জামান খান  
পরিচালক (ভারপ্রাপ্ত)